



হিলি স্থলবন্দরে অনির্দিষ্টকালের জন্য বন্ধ আমদানি-রপ্তানি



হিলি স্থলবন্দর। ছবি: সংগৃহীত

ভারতের ব্যবসায়ীদের সিদ্ধান্তের কারণে দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে বাংলাদেশ ও ভারতের মধ্যে পণ্য আমদানি-রপ্তানি কার্যক্রম অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে। রোববার (৩০ আগস্ট) সকাল থেকে এ সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

তবে পণ্য বাণিজ্য বন্ধ থাকলেও হিলি ইমিগ্রেশন চেকপোস্টে এর কোনো প্রভাব পড়েনি। বৈধ পাসপোর্টধারী যাত্রীরা স্বাভাবিকভাবেই দুই দেশের মধ্যে যাতায়াত করছেন।

হিলি কাস্টমস সিএন্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহীনের ইসলাম মণ্ডল বলেন, পশ্চিমবঙ্গের অন্যান্য স্থলবন্দরের তুলনায় ভারতের হিলি স্থলবন্দর বাণিজ্যিক প্রতিযোগিতায় পিছিয়ে রয়েছে। এ অবস্থায় ভারতীয় ব্যবসায়ীরা আমদানি-রপ্তানি বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছেন। পরবর্তী ঘোষণা না আসা পর্যন্ত দুই দেশের মধ্যে পণ্য বাণিজ্য বন্ধ থাকবে।

তিনি আরও জানান, ভারতীয় ব্যবসায়ীদের সিদ্ধান্তের ফলে হিলি স্থলবন্দর দিয়ে পণ্যবাহী ট্রাকের চলাচলও বন্ধ রয়েছে। তবে বন্দরের ভেতরের প্রশাসনিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

হিলি ইমিগ্রেশন চেকপোস্টের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাকারিয়া জানান, পণ্য আমদানি-রপ্তানি বন্ধ হলেও যাত্রী পারাপারে কোনো ধরনের সমস্যা তৈরি হয়নি। বৈধ পাসপোর্টধারীরা নিয়মিতভাবে ইমিগ্রেশন চেকপোস্ট ব্যবহার করে যাতায়াত করতে পারছেন।

হঠাৎ করে পণ্য বাণিজ্য বন্ধ হয়ে যাওয়ায় হিলি স্থলবন্দরকে ঘিরে ব্যবসা পরিচালনাকারী বিভিন্ন পক্ষের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। আমদানিকারক, রপ্তানিকারক, ব্যবসায়ী এবং পরিবহন সংশ্লিষ্টরাও পরিস্থিতি নিয়ে অনিশ্চয়তায় রয়েছেন।

এদিকে বাণিজ্য কার্যক্রম স্বাভাবিক করার লক্ষ্যে সংশ্লিষ্ট পক্ষগুলোর মধ্যে আলোচনা চলছে বলে জানা গেছে।